# বাংলা প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ১

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**প্রশ্ন-১ ▶** তুচ্ছ কারণে বিয়ে ভেঙে যাওয়ায় শাহীন আক্তার আর বিয়ের পিঁড়িতে বসেননি। এখন তিনি সমাজ সেবামূলক একটি সংস্থায় দৃষ্টি প্রতিবন্ধীদের লেখাপড়া শেখানোর কাজ করেন।

ক. অনুপম হাত জোড় করে মাথা হেঁট করার পর কার হৃদয় গলেছে? ১

খ. কল্যাণী বিয়ে না করার পণ করেছে কেন? ২

গ. শাহীন আক্তারের সমাজসেবামূলক কাজ 'অপরিচিতা' গল্পের কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শাহীন আক্তারের মানসিক দৃঢ়তা 'অপরিচিতা' গল্পের কল্যাণীর ছায়ারূপ"— কথাটির যৌক্তিকতা বিচার করো। ৪

**প্রশ্ন-২ ▶** সেলিম গ্রামে বেড়াতে গেলেই হারান কাকা তার জন্য নানা ফল নিয়ে হাজির হয়। আনন্দে সেলিম সেগুলো গ্রহণ করে। গ্রামের কিছু মানুষ এ বিষয়টি নিয়ে টিপ্পনী করে। তবে সেলিম ও হারান আপন মনেই মিশে যায় পরস্পরের সঙ্গে।

ক. বুড়ি গোপালের জন্য ঘটিতে কী এনেছিল? ১

খ. বুড়ি গোপালের সংস্পর্শে এসে আপন মনে কথা বলত কেন? ২

গ. উদ্দীপকের সেলিম ও হারানের সম্পর্ক 'আহ্বান' গল্পের ঘটনার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সম্পর্কের ভিত্তিই 'আহ্বান' গল্পের আবেদনকে চিরায়ত করে তুলেছে— মন্তব্যটি পর্যালোচনা করো। ৪

**প্রশ্ন-৩ ▶** তুলতুল দাদীর কাছে গল্পে শুনেছে, চাঁদে নাকি এক পরী আছে। সে দিনে চরকা কাটে আর রাতে তার মানুষ বন্ধুদের নিয়ে আকাশে ঘুরে বেড়ায়। পরীরা নাকি সুন্দর মনের মানুষদের ভালো বন্ধু হয়। তুলতুলের খুব ইচ্ছে সেও পরীদের বন্ধু হবে, চাঁদে যাবে।

ক. মহাজাগতিক কিউরেটরদেরকে প্রাণী খোঁজার দায়িত্ব কে দিয়েছেন? ১

খ. কিউরেটররা আসলে কী খুঁজছে এবং কেন? ২

গ. পরীর সাথে চাঁদে যাওয়া আর কিউরেটরদের সাথে অন্য গ্রহে যাওয়ার বিষয়ে সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকের দাদীর গল্প অনুযায়ী পরীর মতো মহাজাগতিক কিউরেটররাও আছে বলে কি তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

### খ অংশ — কবিতা

**প্রশ্ন-৪ ▶** ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের মানুষের ওপর নারকীয় হত্যাকাণ্ড চালায়। তবে তাদের চেয়ে কম ক্ষতি করেনি দেশদ্রোহী রাজাকার, আলবদর, আল-শামসরা। নিজের দেশের মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে তারা পাকিস্তানি বাহিনীকে গণহত্যায় সহযোগিতা করে।

ক. 'এবে পাপপূর্ণ লঙ্কাপুরী'— এ উক্তিটি কে করেছেন? ১

খ. 'নহি দোষী আমি, বৎস, বৃথা ভর্ৎস মোরে তুমি।' এই উক্তিতে বিভীষণ কী বোঝাতে চেয়েছেন? ২

গ. "বিভীষণের প্রতি মেঘনাদ" কবিতার বিভীষণ উদ্দীপকের কোন শ্রেণিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "যুদ্ধে প্রতিপক্ষের তুলনায় স্বপক্ষের বিশ্বাসঘাতকরা বেশি ভয়ঙ্কর।"— উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার আলোকে উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৫ ▶** হিম কুহেলির অন্তরতলে আজিকে পুলক জাগে
রাঙিয়া উঠেছে পলাশ কনিকা মধুর রঙিন রাগে।
আসিবে এবার ঋতুরাজ বুঝি
তারি বাঁশি ওঠে মলয়েতে বাজি
* * * * * * * * * * * * * * *
দূরে সরে গেছে হিম জর্জর
কুয়াশা ঢাকা বেদনা নিথর
মর্মরি ওঠে মধুর রাগিণী বন-নিকুঞ্জ তলে
সুন্দর সে যে হাসিতে তাহার নিখিল ভুবন ভোলে।

ক. 'কুঁড়ি' শব্দটির ব্যুৎপত্তি নির্দেশ করো। ১

খ. শীত ঋতুকে কবি কেন 'মাঘের সন্ন্যাসী' বলেছেন? ২

গ. অনুচ্ছেদের প্রথমাংশের ভাবটি 'তাহারেই পড়ে মনে' কবিতায় কার সংলাপে ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "অনুচ্ছেদে বর্ণিত ঋতুর সঙ্গে 'তাহারেই পড়ে মনে' কবিতার ঋতুর দৃষ্টিভঙ্গিগত পার্থক্য রয়েছে"— এ উক্তিটির সঙ্গে তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৬ ▶** "মানুষের প্রাণ থেকে পৃথিবীর মানুষের প্রতি
যেই আস্থা নষ্ট হয়ে গিয়েছিল, ফিরে আসে, মহাত্মা গান্ধীকে
আস্থা করা যায় বলে।"

ক. নূরলদীন আবার একদিন কোথায় আসবে? ১

খ. কবি কেন নূরলদীনের আগমন প্রত্যাশা করেন? ২

গ. উদ্দীপকের মহাত্মা গান্ধীর সঙ্গে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার নূরলদীনের মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. 'অভাগা মানুষগুলোকে জাগিয়ে তুলতেই নূরলদীনেরা বারবার ফিরে আসেন–' উদ্দীপক ও 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

### গ অংশ — সহপাঠ

**প্রশ্ন-৭ ▶** দুর্ভিক্ষের কারণে যখন মৃত্যু প্রায় সমাগত, তখন গ্রাম ছেড়ে পালিয়েছিলো ইউনুছ মিয়া। দূরের এক গ্রামে এসে বসবাস শুরু করে এবং নিজেকে কবিরাজ হিসেবে পরিচয় দেয়। ধীরে ধীরে পরিচিতি ও জনপ্রিয়তা বাড়ে ইউনুস মিয়ার, কারণ সে মানুষকে ভালোবাসে, মানুষকে সঠিক পরামর্শ দেয়, অন্যের অজ্ঞতার সুযোগ কখনোই গ্রহণ করে না।

ক. কীসের কথা মনে হলে মজিদ শিউরে ওঠে? ১

খ. 'খোদার এলেমে বুক ভরে না তলায় পেট শূন্য বলে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ইউনুছ মিয়ার সাথে 'লালসালু' উপন্যাসের মজিদের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. প্রমাণ করো যে, উদ্দীপকের ইউনুস মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ আদর্শগত দিক থেকে দুই মেরুর বাসিন্দা। ৪

**প্রশ্ন-৮ ▶** "সেনাপতি! ছি ছি এ কি! হা ধিক তোমারে
কেমনে, বল না হায়!
কাষ্ঠের পুতুল-প্রায়,
সুসজ্জিত দাঁড়াইয়া আছে এক ধারে?"

ক. নবাব সিরাজউদ্দৌলা ফোর্ট উইলিয়াম দুর্গে কী তৈরি করার নির্দেশ দেন? ১

খ. সিরাজউদ্দৌলা কোম্পানি ও ইংরেজদের সম্পত্তি নবাব তহবিলে বাজেয়াপ্ত করার নির্দেশ দেন কেন? ২

গ. উদ্দীপকে প্রকাশিত ভাবটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিধৃত পুতুল সেনাপতি ও তার অধীনস্ত সৈন্যরাই নবাবকে ডুবিয়েছে।"— মন্তব্যটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯ ▶** আমজাদ আলি হঠাৎ করেই গ্রামের মানুষকে এক পিরের মিথ্যা গল্প শোনালো, যাঁর এক ফুঁ'য়ে সমস্ত রোগ সেরে যায়। এটা শুনে গ্রামের সবাই আমজাদকে টাকা-পয়সা দিয়ে সর্বরোগ-নিরাময়ী পানি আনতে পিরের কাছে পাঠালো। আর আমজাদ নিজেই ফুঁ দিয়ে পানিকে পিরের ফুঁ দেয়া বলে চালিয়ে দিলো।

ক. মহব্বতনগরে কে স্কুল করার উদ্যোগ নেয়? ১

খ. মজিদ আক্কাসকে স্কুল বানাতে বাধা দিল কেন? ২

গ. উদ্দীপকের আমজাদ আলি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে ইঙ্গিত করে? ৩

ঘ. "উদ্দীপকের গ্রামবাসী ও 'লালসালু' উপন্যাসের মহব্বতনগরের গ্রামবাসীর ধর্ম বিশ্বাসে কোনো পার্থক্য নাই"— আলোচনা করো। ৪

teachingbd.com

# বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কমলাকান্ত কী হাতে ঝিমাইতে ছিলেন?
ⓚ হুঁকা ⓚ যষ্ঠি ⓖ লাঠি ⓖ খাবার

২. বিড়ালকে কমলাকান্তের ওয়েলিংটন মনে হওয়ার কারণ—
i. ওয়েলিংটন দেখতে বিড়ালের মতো
ii. কমলাকান্ত ওয়েলিংটনের ভাবনায় মশগুল ছিল
iii. কমলাকান্ত আফিমের নেশায় মত্ত ছিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
হ্যাঁ, সৌদামিনীর স্বামী জগদীশ মালো পেশায় আরদালি। কিন্তু তুখোড় লোক। প্রভুর মন জুগিয়ে চলার শিল্প সে বেশ রপ্ত করেছিল। ফলে, কলা-মুলো ভালোই পেত।

৩. উদ্দীপকের জগদীশ মালোর সাথে 'অপরিচিতা' গল্পের অনুপমের বাবার সাদৃশ্য কোথায়?
ক কথায় খ রোজগারে
গ পেশায় ঘ খাবার পছন্দে

৪. নিচের কোন পঙ্ক্তিতে সাদৃশ্যটি ফুটে উঠেছে?
ক আমার পিতা এককালে গরিব ছিলেন
খ ওকালতি করিয়া তিনি প্রচুর রোজগার করিয়াছেন
গ ভোগ করিবার সময় নিমেষমাত্রও পান নাই
ঘ মা গরিবের ঘরের মেয়ে; তাই আমরা যে ধনী এ কথা তিনি ভোলেন না

৫. 'চাষার দুক্ষু' প্রবন্ধের ভাষ্য অনুযায়ী কারা সমাজের মেরুদণ্ড?
ক কামার খ তাঁতি গ চাষা ঘ জেলে

৬. 'চাষার দুক্ষু' প্রবন্ধের লেখিকার আমলে কৃষক খেসারির বিনিময়ে স্ত্রী কন্যা বিক্রয় করত কেন?
ক ভরণ-পোষণ ব্যয় বেশি ছিল বলে
খ কৃষক দরিদ্র ছিল বলে
গ স্ত্রী-কন্যার দাম কম ছিল বলে
ঘ স্ত্রী-কন্যার বিনিময় প্রথা ছিল না

৭. 'তুই একদিনও এলি না গোপাল'- উক্তিটির মধ্যে নিহিত—
i. অনুযোগ ii. অভিমান
iii. ক্রোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. 'আপনার সত্যকে আপনার গুরু বলে জানাকে লেখক কী মনে করেন?
ক দম্ভ করা খ অহংকার করা
গ আত্মাকে চেনা ঘ মনকে চেনা

৯. স্থূলবুদ্ধি মানুষের দেবতা কে?
ক কৃষ্ণ খ রাম গ অহংকার ঘ নৈরাশ্য

১০. মাসি-পিসির ঝগড়া বাঁধলে মানুষ অবাক হয়ে যেত কেন?
ক তাদের অহংকার দেখে
খ তাদের তেজ দেখে
গ তাদের নাচ দেখে
ঘ তাদের মারামারি দেখে

১১. শাসকরা যখন শোষক হয় তখন জনগণের কী হয়?
ক মঙ্গল খ অমঙ্গল গ সুখ ঘ বিপদ

১২. 'টাওয়ার অব লন্ডন' কী ছিল?
ক ঐতিহাসিক স্থান খ ঐতিহাসিক প্রাসাদ
গ ঐতিহাসিক নগর ঘ ঐতিহাসিক রাজধানী

১৩. আখতারুজ্জামান ইলিয়াসের গ্রামের নাম কী?
ক নারুলি খ কাঠালপাড়া
গ শংকরপাশা ঘ পাড়াতলি

১৪. সৌরজগতের কোন গ্রহটিতে দুজন মহাজাগতিক কিউরেটর এসেছিল?
ক প্রথম গ্রহে খ দ্বিতীয় গ্রহে
গ তৃতীয় গ্রহে ঘ চতুর্থ গ্রহে

১৫. হারানো হারের মতো আরেকটি হার লোইসেল কোথায় দেখেছিল?
ক প্যালেস রয়েলে খ রয়েল প্যালেসে
গ বাকিংহাম প্যালেসে ঘ ডায়মন্ড ওয়ার্ল্ডে

১৬. মৃগেন্দ্র কেশরী কাকে মিত্রভাবে সম্ভাষণ করে না?
ক শৃগালকে খ রাক্ষসকে
গ মানুষকে ঘ রাঘবকে

১৭. 'বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি'— পঙ্ক্তিটির ভেতরে নিহিত—
i. বিশাল পৃথিবীকে জানার আগ্রহ
ii. বিশাল পৃথিবীকে অভ্যর্থনা
iii. বিশাল পৃথিবীকে পুরোপুরি না জানার আক্ষেপ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. পার্সি কোন দেশের নাগরিককে বলা হয়?
ক ইরাক খ ইরান গ তুরান ঘ লেবানন

১৯. জীবনানন্দ দাশ কোন কবির কাছ থেকে কবিতা লেখার অনুপ্রেরণা পেয়েছিলেন?
ক সুফিয়া কামাল খ মৈত্রেয়ী দেবী
গ কুসুম কুমারী দাশ ঘ রবীন্দ্রনাথ ঠাকুর

২০. জীবনানন্দ দাশ কোন বিষয়ের অধ্যাপক ছিলেন?
ক বাংলা সাহিত্য খ ইংরেজি সাহিত্য
গ গণিত শাস্ত্র ঘ প্রাণ রসায়ন

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:
পাগল বসন্ত দিন কতবার অতিথির বেশে
তোমার আমার দ্বারে বাঁশি হাতে এসেছিল হেসে

২১. উদ্দীপকে ফুটে ওঠা ভাবটি নিচের কোন কবিতাকে নির্দেশ করে?
ক কালকেতুর ভোজন খ তাহারেই পড়ে মনে
গ ঐকতান ঘ রক্তে আমার অনাদি অস্থি

২২. উদ্দীপকের মূল ভাব 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন পঙ্ক্তিতে উঠে এসেছে?
ক বসন্তে, বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়
খ এমন উদাস তুমি? কোথা তার নব পুষ্পসাজ
গ হয়েনি, সে ভোলেনি তো, এসেছে তা ফাগুনে স্মরিয়া
ঘ গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে

২৩. 'সেই অস্ত্র' কবিতাটি কোন ছন্দে রচিত?
ক মাত্রাবৃত্ত খ স্বরবৃত্ত
গ অক্ষরবৃত্ত ঘ পয়ার

২৪. আঠারো বছর বয়সে আত্মাকে কীসের কোলাহলে সঁপে?
ক ভিড়ের খ ঝড়ের গ শপথের ঘ হৃদয়ের

২৫. আঠারো বছর বয়সে মন্ত্রণা কোথায় আসে?
ক প্রাণে খ মনে গ কানে ঘ হৃদয়ে

২৬. 'বুঝি এই উনিশশো উনসত্তরেও/আবার সালাম নামে রাজপথে' পঙ্ক্তিটি দ্বারা বোঝায়—
i. উনিশশো উনসত্তরেও সালাম প্রেরণা জোগায়
ii. সালাম আবার ফিরে আসে বাংলায়
iii. সালামের আত্মদান অগণিত অনুসারীর জন্ম দেয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. যে মৎস্য লালন করে কে তাকে পুরস্কৃত করে?
ক প্রবহমান নদী খ প্রবহমান সমুদ্র
গ দীঘল দিঘি ঘ বিশাল তটিনী

২৮. 'মাগো, ওরা আমার মুখের কথা কেড়ে নিতে চায়।'- এই পঙ্ক্তিটির সঙ্গে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার কোন পঙ্ক্তির সাদৃশ্য রয়েছে?
ক যখন শকুন নেমে আসে এই বাংলায়
খ যখন আমার কণ্ঠ বাজেয়াপ্ত করে নিয়ে যায়।
গ যখন আমার দেশ ছেয়ে যায় দালালের আলখাল্লায়
ঘ যখন আমারই দেশে আমার দেহ থেকে রক্ত ঝরে যায়

২৯. কবি আল মাহমুদের কবিতায় গ্রামীণ কোন বিষয় মূল উপজীব্য?
ক সরলতা ও প্রশান্তি খ প্রকৃতি ও সৌন্দর্য
গ জীবন ও প্রকৃতি ঘ জীবন ও বৃক্ষ

৩০. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় চারদিকে কী খেলা করে?
ক ছবির রং খ জীবনের রং
গ মৃত্যুর রং ঘ স্বপ্নের রং

৩১. 'কিন্তু দেশটা কেমন মজার দেশ'- এখানে 'মজার দেশ' বলতে কী বোঝানো হয়েছে?
ক মহামারিগ্রস্ত খ দুর্ভিক্ষ কবলিত
গ শস্যশূন্যতা ঘ চাষযোগ্য জমির স্বল্পতা

৩২. 'তানারে নামাইয়া মাজার ঘরের ভিতরে নিয়া যান'— এখানে তানারে বলতে কাকে বোঝানো হয়েছে?
ক রহিমা খ জমিলা
গ হাসুনির মা ঘ আমেনা

৩৩. মিজান একজন ধূর্ত, প্রতারক, নারীলোলুপ ব্যক্তি। মিজান চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রটিকে নির্দেশ করে?
ক তাহের খ তাহেরের বাবা
গ আক্কাস ঘ মজিদ

নিচের উদ্দীপকটি পড়ো ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মুহিম ভাদ্রমাসের এক বিকালে দেখল বিলের পানি, ধানগাছ ও অন্যান্য ফসল একেবারে স্তব্ধ হয়ে আছে।

৩৪. মুহিম যে অবস্থাটিকে দেখেছে তা 'লালসালু' উপন্যাসের আলোকে কী বলা যায়?
ক কুয়াশা পড়া খ ঘূর্ণিঝড়ের পূর্ব লক্ষণ
গ গুমোট ঘ নিরাকপড়া

৩৫. এমন অবস্থায় বিলে মাছ ধরছিল—
i. তাহের ও তার ভাই ii. আক্কাস ও তার ভাই
iii. হাসুনির মার দুই ভাই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. নবাবের পতনের কারণ—
i. মিরজাফরের বিশ্বাসঘাতকতা
ii. ইংরেজদের স্বার্থপরতা
iii. নবাবের বিশ্বাস করার প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. উমিচাঁদ ও ইংরেজদের স্বার্থ অভিন্ন হওয়ার কারণ—
i. দুই জনই বহিরাগত
ii. দুজনেই উদ্দেশ্য অর্থ উপার্জন করা
iii. দুজনই চায় বাণিজ্য করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. শওকতজঙ্গকে উপযুক্ত শিক্ষা দেবার জন্য সিরাজউদ্দৌলা কর্তৃক গৃহীত ব্যবস্থা হলো—
i. মোহনলালের অধীনে সেনাবাহিনী পাঠানোর বন্দোবস্ত করা
ii. শওকতকে রাজ্য থেকে বিতাড়িত করা
iii. শওকতজঙ্গকে বিদ্রোহী ঘোষণা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আব্দুল জব্বারের পুত্রসন্তান না থাকায় তিনি মৃত্যুর আগে সমস্ত সম্পত্তি তার দৌহিত্রকে দিয়ে যান।

৩৯. 'আব্দুল জব্বার' চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে?
ক মির জাফর খ সিরাজউদ্দৌলা
গ জগৎশেঠ ঘ আলিবর্দি খাঁ

৪০. ঐ ব্যক্তির দৌহিত্রের নাম কী?
ক মীরন খ জগৎশেঠ
গ সিরাজউদ্দৌলা ঘ মিরমর্দান

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com